


নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩১.০৯.০৯

তারিখ: ২২ মাঘ ১৪৩১
০৫ ফেব্রুয়ারি ২০২৫

অফিস আদেশ

যেহেতু, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;
যেহেতু, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটি পদত্যাগ করেছেন;
যেহেতু, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর চলমান অস্থিরতা, অসন্তোষ ও সমন্বয়হীনতার কারণে সংগঠনটি কার্যকর ভূমিকা রাখার রাখতে পারছে না অর্থাৎ বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭(১) অনুযায়ী-ব্যবসা, শিল্প, বাণিজ্য ও সেবাখাতের স্বার্থে সংগঠনটির সার্বিক কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়;
যেহেতু, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর বর্তমান কার্যনির্বাহী কমিটি বিদ্যমান না থাকায় নোটিশ প্রদান করার সুযোগ নেই;
যেহেতু, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন এ চলমান অস্থিরতা ও অসন্তোষ দূরীকরণের লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন, ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪, সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী পরিচালিত হওয়া আবশ্যিক;
সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সংগঠনটির বর্তমান কার্যনির্বাহী কমিটি বাতিলপূর্বক সরকারের অনুমোদনক্রমে বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব শেখ মতিয়ার রহমানকে “বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন” এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সূষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।


০৫-০২-২০২৫


মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ
অতিরিক্ত সচিব এবং মহাপরিচালক
বাণিজ্য সংগঠন অনুবিভাগ
ফোন: +৮৮-০২-৫৫১০০৬৭৯
Email: dgeneral.to@mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩১.০৯.০৯

তারিখ: ২২ মাঘ ১৪৩১
০৫ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন ১, কারওয়ান বাজার, ঢাকা
- ০২। শেখ মতিয়ার রহমান, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা
- ০৪। প্রশাসক, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা
- ০৫। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব এর সদয় অবগতির জন্য)
- ০৬। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৭। ব্যক্তিগত কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ০৮। অফিস সচিব, বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউস-৪১, সোনারগাঁও জনপথ, সেক্টর-১২, উত্তরা ঢাকা-১২৩০


০৫/০২/২০২৫

মোসা: শুকরিয়া পারভীন
উপসচিব